

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উন্নয়ন-২ অধিশাখা

তারিখঃ ১৯-০৫-২০১৫ খ্রিঃ

নং- ৪৬.০৬৮.০০১.০০.০০.১৩২.২০১৪-৬৯৭

প্রেরক : মোঃ শওকত আলী
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ
প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা

বিষয় : ২০১৪-২০১৫ অর্থ বছরের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (স্থানীয় সরকার বিভাগ, কোড-৩৭) কুমিল্লা জেলার সদর দক্ষিণ ও নাঙ্গলকোট উপজেলার পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প (প্রকল্প কোড ৫১১৯) এর অনুকূলে অর্থ ছাড়।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে এ বিভাগের ০৩-১২-২০১৪ খ্রিঃ তারিখের ৪৬.০৬৮.০০১.০০.০০.১৩২.২০১৪-১৩৬৪ নং সরকারী আদেশে অনুমোদিত থোক বরাদ্দের বিভাজন অনুযায়ী বর্ণিত প্রকল্পের জন্য জিওবি বরাদ্দ হতে নিম্নরূপ অর্থ ছাড়ের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছিঃ

(লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
এলজিইডি, ৩৭৩১	কুমিল্লা জেলার সদর দক্ষিণ ও নাঙ্গলকোট উপজেলার পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প (প্রকল্প কোড ৫১১৯)	অনুমোদিত	৪র্থ	০.৫০	১৯৯.৫০	২০০.০০ (দুইশত)

- ২। এ ব্যয় মঞ্জুরী নং-৩৩, এলজিইডি কোড-৩৭৩১, কুমিল্লা জেলার সদর দক্ষিণ ও নাঙ্গলকোট উপজেলার পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প (কোড-৫১১৯) এর জন্য রক্ষিত চলতি অর্থ বছরের (২০১৪-২০১৫) বাজেট বরাদ্দ হতে বহন করা হবে।
- ৩। বরাদ্দকৃত এ অর্থ অনুমোদিত প্রকল্প ছকে (পিপি) বর্ণিত খাতওয়ারী বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে এবং মোট ব্যয় কোনক্রমেই অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।
- ৪। প্রকল্পে কর্মরত কর্মকর্তাগণ নিজ নিজ বেতন ও ভাতাদি আহরণ করবেন। প্রকল্পে কর্মরত কর্মচারীদের বেতন-ভাতাদি, সরবরাহ ও সেবা এবং মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন ইত্যাদি খরচের জন্য প্রকল্প পরিচালক প্রচলিত আর্থিক রীতিনীতি অনুযায়ী আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।
- ৫। মূলধন খাতে বরাদ্দকৃত অর্থ অনুমোদিত স্কীমসমূহের বিপরীতে প্রকল্প পরিচালক উপ-বরাদ্দকরণ (Sub-allocation) পূর্বক জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সংশ্লিষ্ট জেলা) অনুকূলে উপ-বরাদ্দপত্র জারী করবেন। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (সংশ্লিষ্ট জেলা) প্রচলিত আর্থিক রীতিনীতি অনুযায়ী আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।
- ৬। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত স্কীম/প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের নিমিত্ত ব্যয় বিল পরিশোধের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।
- ৭। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে এবং ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- ৮। অব্যয়িত অর্থ আগামী ৩০-০৬-২০১৫ তারিখের মধ্যে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে।
- ৯। অর্থ বিভাগের ১৮-০৫-২০১৫ খ্রিঃ তারিখের ০৭.১১১.০১৪.০১.৩১.১২৭.২০১৪-২৫২ নং স্মারকে এ অর্থ ছাড়ে সম্মতি জ্ঞাপন করেছে।

স্বাক্ষর:

(মোঃ শওকত আলী)

উপসচিব

ফোন- ৯৫৭৫৫৬৭

তারিখঃ ১৯-০৫-২০১৫ খ্রিঃ

নং- ৪৬.০৬৮.০০১.০০.০০.১৩২.২০১৪-৬৯৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১ শাখা)।
- ২। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ৪। উপ-সচিব (বাজেট ও বাস্তবায়ন)/উপ-প্রধান (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ।
- ৫। প্রকল্প পরিচালক, কুমিল্লা জেলার সদর দক্ষিণ ও নাঙ্গলকোট উপজেলার পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প, এলজিইডি, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা-.....
- ৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ শওকত আলী)

উপসচিব